# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৮

১/ পবিত্রতা (كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৫০. নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর উযুর বর্ণনা।

باب صِفَةِ وُضُوءِ النَّبِيِّ صلى الله عليه وسلم

---

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ دَاوُدَ الإِسْكَنْدَرَانِيُّ، حَدَّثَنَا زِيَادُ بْنُ يُونُسَ، حَدَّثَنِي سَعِيدُ بْنُ زِيَادٍ الْمُؤَذِّنُ، عَنْ عُثْمَانَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ التَّيْمِيِّ، قَالَ سُئِلَ ابْنُ أَبِي مُلَيْكَةَ عَنِ الْوُضُوءِ، فَقَالَ رَأَيْتُ عُثْمَانَ بْنَ عَفَّانَ سُئِلَ عَنِ الْوُضُوءِ، فَدَعَا بِمَاءٍ فَأُتِيَ بِمِيضَأَةٍ فَأَصْغَى عَلَى يَدِهِ الْيُمْنَى ثُمَّ أَدْخَلَهَا فِي الْمَاءِ فَتَمَضْمَضَ ثَلاَثًا وَاسْتَنْثَرَ ثَلاَثًا وَغَسَلَ وَجْهَهُ ثَلاَثًا ثُمَّ غَسَلَ يَدَهُ الْيُمْنَى ثَلاَثًا وَغَسَلَ يَدَهُ الْيُسْرَى ثَلاَثًا ثُمَّ أَدْخَلَ يَدَهُ فَأَخَذَ مَاءً فَمَسَحَ بِرَأْسِهِ وَأُذُنَيْهِ فَغَسَلَ بُطُونَهُمَا وَظُهُورَهُمَا مَرَّةً وَاحِدَةً ثُمَّ غَسَلَ رِجْلَيْهِ ثُمَّ قَالَ أَيْنَ السَّائِلُونَ عَنِ الْوُضُوءِ هَكَذَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَتَوَضَّأُ ‏.‏ قَالَ أَبُو دَاوُدَ أَحَادِيثُ عُثْمَانَ ـ رضى الله عنه ـ الصِّحَاحُ كُلُّهَا تَدُلُّ عَلَى مَسْحِ الرَّأْسِ أَنَّهُ مَرَّةٌ فَإِنَّهُمْ ذَكَرُوا الْوُضُوءَ ثَلاَثًا وَقَالُوا فِيهَا وَمَسَحَ رَأْسَهُ ‏.‏ وَلَمْ يَذْكُرُوا عَدَدًا كَمَا ذَكَرُوا فِي غَيْرِهِ ‏.‏

حكم : حسن صحيح (الألباني)

বাংলা

১০৮. মুহাম্মাদ ইবনু দাউদ .... ইবনু আবূ মুলায়কাকে উযূ (ওজু/অজু/অযু) সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, আমি উছমান ইবনু আফফান (রাঃ)-কে উযূ সম্পর্কে জিজ্ঞাসিত হতে দেখেছি। তখন তিনি (উছমান) (এক পাত্র) পানি চাইলেন। অতঃপর পানি আনা হলে তিনি তা হতে সামান্য পানি ডান হাতের উপর ঢেলে (তা ধৌত করলেন)। পরে তিনি উক্ত হাত পানির মধ্যে – প্রবেশ করিয়ে তিনবার কুল্লি ও তিনবার নাক পরিষ্কার করলেন; অতঃপর স্বীয় মুখমন্ডল তিনবার ধৌত করেন এবং তিনবার করে ডান হাত ও বাম হাত ধৌত করেন। পরে তিনি পাত্রের মধ্যে হাত দিয়ে পানি তুলে মাথাও কান মাসেহ্ করেন এবং কানের ভিতর ও বহিরাংশ একরার করে মাসেহ্ করেন। অতঃপর তিনি স্বীয় পযুগল ধৌত করে বলেনঃ উযূ সম্পর্কে প্রশ্নকারীরা কোথায়? আমি রাসূলুল্লাহ্

সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এইরূপ উযূ করতে দেখেছি। (ঐ)।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, উছমান (রাঃ) হতে বর্ণিত সহীহ্ হাদীছগুলি থেকে প্রমাণিত হয় যে, উযূর মধ্যে মাথা মাসেহ্ মাত্র একবার করতে হবে। প্রত্যেক বর্ণনাকারী উযূর অংগ-প্রত্যংগগুলি তিনবার করে ধৌত করার কথা উল্লেখ করেছেন। প্রত্যেকের বর্ণনায় কেবলমাত্র,مسح رأسه (মাথা মাসেহ করেছেন) উল্লেখিত আছে, কিন্তু সংখ্যার কোন উল্লেখ নেই। অথচ অন্যান্য অংগ-প্রত্যংগ ধৌত করার ব্যাপারে তিন-তিনবারের কথা স্পষ্টভাবে উল্লেখিত হয়েছে (অতএব মাথা মাত্র একরারই মাসেহ্ করতে হবে)।

## English

‘Abd al-Rahman al-Tamil reported:
Ibn Abi Mulaikah was asked about ablution. He said : I saw ‘Uthman b. ‘Affan who was asked about ablution. He called for water. A vessel was then brought to him. He inclined it towords his right hand (poured water upon it). He then put it in the water three times, and washed his face three times. He then put his hand in the water and took it out; then he wiped his head and ears, in and out only once. He then washed his feet, and said : Where are those who asked me to perform ablution? I saw the Messenger of Allah (ﷺ) performing ablution like that.

Abu Dawud said : All the sound traditions narrated by ‘ Uthman indicated that the head is to be wiped once, because they mentioned (the washing of each part in) ablution three times. In their versions of tradition they mentioned the wordings: “he wiped his head.” In this case they did not mention any number as they did in other cases.

Grade : Hasan Sahih (Al-Albani)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ইবন আবূ মুলায়কা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16531

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন